খুলনা বিশ্ববিদ্যালয়
KHULNA UNIVERSITY

OFFICE OF THE DIRECTOR OF STUDENTS' AFFAIRS

স্মারক নং- খুবি/ছাপ-১৫/৯৪

তারিখ: ১১/০৮/২০২৬ খ্রি.

## খুলনা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য র‍্যাগিং, বুলিং ও হয়রানি প্রতিরোধ সংক্রান্ত নির্দেশনা

১. খুলনা বিশ্ববিদ্যালয়ে র‍্যাগিং, বুলিং, শারীরিক ও মানসিক নির্যাতন, ভয়ভীতি প্রদর্শন, হুমকি, অপমান, লাঞ্ছনা, জোরপূর্বক কোনো কর্মকাণ্ডে অংশগ্রহণে বাধ্য করা এবং যেকোনো ধরনের শিক্ষার্থী হয়রানির ক্ষেত্রে **Zero Tolerance** নীতি অনুসরণ করা হবে।

২. কোনো শিক্ষার্থীকে নবীন/সহপাঠী/সিনিয়র, আবাসিক/অনাবাসিক, স্কুল/ ডিসিপ্লিন, সংগঠন বা অন্য কোনো পরিচয়ের ভিত্তিতে হেয় বা অপমান করা, ভয়ভীতি প্রদর্শন, মানসিক চাপ প্রদান বা অন্য যেকোনভাবে তার স্বাভাবিক শিক্ষা ও জীবনযাপনে বিঘ্ন সৃষ্টি করা যাবে না।

৩. পরিচিতি বা বন্ধুত্বের অজুহাতে কোনো শিক্ষার্থীকে তার ইচ্ছার বিরুদ্ধে গান, নাচ, আবৃত্তি, অভিনয়, বক্তব্য প্রদান, শারীরিক কসরত, ব্যক্তিগত তথ্য প্রদান, অর্থ প্রদান অথবা অন্য কোনো র‍্যাগিং, বুলিং বা হয়রানিমূলক কর্মকাণ্ডে অংশগ্রহণে বাধ্য করা যাবে না।

৪. কোনো শিক্ষার্থীকে শারীরিকভাবে আঘাত করা, বুলিং, হয়রানি, ধাক্কা দেওয়া, আটকানো, ঘেরাও করা, অশালীন ভাষা বা অঙ্গভঙ্গি করা, ভয় দেখানো, হুমকি দেওয়া কিংবা কোনো ধরনের মানসিক বা শারীরিক নির্যাতন করা যাবে না।

৫. সামাজিক যোগাযোগমাধ্যম, মেসেজিং অ্যাপ, অনলাইন গ্রুপ বা অন্য কোনো ডিজিটাল মাধ্যমে কোনো শিক্ষার্থীকে অপমান করা, হেয়প্রতিপন্ন করা, হয়রানি, ভয়ভীতি প্রদর্শন বা হুমকি দেওয়া যাবে না। কোনো শিক্ষার্থীর অনুমতি ছাড়া তার ছবি, ভিডিও, অডিও বা ব্যক্তিগত তথ্য ধারণ, সংরক্ষণ, প্রকাশ বা প্রচার করা যাবে না।

৬. কোনো শিক্ষার্থীকে কোনো ব্যক্তি, সংগঠন, দল বা গোষ্ঠীর কার্যক্রমে শিক্ষার্থীর ইচ্ছার বিরুদ্ধে অংশগ্রহণে বাধ্য করা, চাঁদা/অর্থ আদায় করা অথবা ব্যক্তিগত স্বার্থে ব্যবহার করা যাবে না।

৭. শিক্ষার্থীদের পারস্পরিক বিরোধ, মতবিরোধ বা ভুল বোঝাবুঝির ক্ষেত্রে কোনো ধরনের সংঘর্ষ, মারামারি, হুমকি বা বলপ্রয়োগ না করে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাধ্যমে বিষয়টি সমাধানের উদ্যোগ নিতে হবে।

৮. র‍্যাগিং, বুলিং বা হয়রানির কোনো ঘটনা ঘটলে তাতে সরাসরি অংশগ্রহণের পাশাপাশি **প্ররোচনা, সহযোগিতা, আয়োজন, সমর্থন, অডিও/ভিডিও/ছবি ধারণ ও প্রচার অথবা ঘটনা গোপন করার চেষ্টা** করাও শৃঙ্খলাবিরোধী কর্মকাণ্ড হিসেবে বিবেচিত হবে।

৯. সকল শিক্ষার্থীকে সহপাঠিদের প্রতি সম্মান, সৌজন্য, সহনশীলতা ও দায়িত্বশীল আচরণ করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। বিশ্ববিদ্যালয়ের পরিবেশকে নিরাপদ ও শৃঙ্খলাপূর্ণ রাখা সকল শিক্ষার্থীর দায়িত্ব।

১০. উপরোক্ত নির্দেশনা অমান্য করে অত্র বিশ্ববিদ্যালয়ের কোনো শিক্ষার্থী র‍্যাগিং, বুলিং, হয়রানি বা অন্য কোনো শৃঙ্খলাবিরোধী কর্মকাণ্ডে জড়িত হলে তার বিরুদ্ধে **খুলনা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের আচরণ শৃঙ্খলা অধ্যাদেশ-২০১৮ ও প্রচলিত বিধি-বিধান অনুযায়ী** প্রয়োজনীয় শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

কোনো শিক্ষার্থী র‍্যাগিং, বুলিং, হয়রানি বা অন্য কোনো শৃঙ্খলাবিরোধী কর্মকাণ্ডের শিকার হলে অথবা এ ধরনের ঘটনা প্রত্যক্ষ করলে বিষয়টি সম্পর্কে **ছাত্র বিষয়ক পরিচালকের দপ্তরে লিখিতভাবে অথবা অফিসিয়াল ই-মেইলের (dsa@ku.ac.bd)** মাধ্যমে অবহিত করলে জরুরী ভিত্তিতে ব্যবস্থা গ্রহণ করা হবে।

**(প্রফেসর ড. মোঃ সালাউদ্দীন)**
ছাত্র বিষয়ক পরিচালক
খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা

**সংযুক্তি:**
১। শিক্ষার্থীদের আচরণ শৃঙ্খলা অধ্যাদেশ-২০১৮ এর অনুলিপি।

**অনুলিপি:** (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)
১। রেজিস্ট্রার, খুলনা বিশ্ববিদ্যালয় (সদয় অবগতির জন্য)
২। ডিন, সকল স্কুল, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা (নোটিশ বোর্ডে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৩। সকল ডিসিপ্লিন প্রধান, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা (নোটিশ বোর্ডে ও প্রতি ব্যাচের ক্লাস রিপ্রেজেন্টেটিভদের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৪। প্রভোস্ট, সকল হল, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা (নোটিশ বোর্ডে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৫। নোটিশ বোর্ড
৬। সংশ্লিষ্ট নথি

Address
Office of the Director of Students' Affairs
Khulna University, Khulna 9208
Bangladesh

Contacts
(0088) 02 477734160
(0088) 02 477734110(Ext-5117)
dsa@ku.ac.bd
www.ku.ac.bd/dsa-office